

■ رিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নামারঃ ৯৮৪ [আন্তর্জাতিক নামারঃ ৯৭৭]

৭/ সফরের আদব-কায়দা (كتاب آداب السفر)

পরিচ্ছেদঃ ১৭১: উঁচু জায়গায় চড়ার সময় মুসাফির 'আল্লাহু আকবার' বলবে এবং নীচু জায়গায় নামবার সময় 'সুবহানাল্লাহ' বলবে। 'তকবীর' ইত্যাদি বলার সময় অত্যন্ত উচ্চস্বরে বলা নিষেধ

(171) بَابُ تَكْبِيرِ الْمُسَافِرِ إِذَا صَعَدَ التَّنَائِيَا وَشَبَهَهَا وَتَسْبِيْحِهِ إِذَا هَبَطَ الْأَوْدِيَةَ وَنَحْوَهَا
وَالنَّهِيِّ عَنِ الْمُبَالَغَةِ بِرَفْعِ الصَّوْتِ بِالْتَّكْبِيرِ وَنَحْوِهِ

আরবী

وَعَنْهُ، قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَفَلَ مِنَ الْحَجَّ أَوِ الْعُمْرَةِ، كُلَّمَا أَوْفَى
عَلَى ثَنَيَّةِ أَوْ فَدْفَدِ كَبَرَ ثَلَاثَةً، ثُمَّ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ
الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ . أَيْبُونَ، تَائِبُونَ، عَابِدُونَ، سَاجِدُونَ، لِرَبِّنَا حَامِدُونَ،
صَدَقَ اللَّهُ وَعْدُهُ، وَنَصَرَ عَبْدَهُ، وَهَزَمَ الْأَحْزَابَ وَحْدَهُ . مُتَفَقُّ عَلَيْهِ
وَفِي رِوَايَةِ لَمْسِلِمٍ: إِذَا قَفَلَ مِنَ الْجِيُوشِ أَوِ السَّرَّايَا أَوِ الْحَجَّ أَوِ الْعُمْرَةِ

বাংলা

৩/৯৮৪। উক্ত রাবী (ইবন উমার) রাদিয়াল্লাহু 'আনল্ল থেকেই বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন হজ কিংবা উমরাহ সেরে ফিরে আসতেন, যখনই কোন পাহাড়ী উঁচু জায়গায় অথবা ঢিবিতে চড়তেন তখনই তিনবার 'আল্লাহু আকবার' বলতেন। অতঃপর তিনি বলতেন, 'লা ইলাহা ইল্লাল্লাহু অহ্মাহু লা শারীকা লাহ, লাভুল মুক্কু অলাভুল হামদু অহ্মওয়া আলা কুল্লি শাইয়িন কাদীর। আ-ইয়বুনা তা-ইয়বুনা সা-জিদুনা লিরাবিবনা হা-মিদুন। সাদাকাল্লাহু ওয়া'দাহ, অনাসারা আদাহ, অহায়ামাল আহযাবা অহদাহ।'

অর্থাৎ আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই। তাঁরই সার্বভৌম অধিকার, যাবতীয় প্রশংসা তাঁরই জন্য, আর তিনি প্রত্যেক বস্তুর উপর ক্ষমতাবান। আমরা প্রত্যাবর্তনকারী, তওবাকারী, ইবাদতগ্রাহী, সিজদাকারী, আমাদের প্রভুর প্রশংসাকারী। আল্লাহ তাঁর প্রতিশ্রূতি সত্য প্রমাণিত করেছেন, তাঁর বান্দাহকে মদদ করেছেন এবং একাই শক্তি বাহিনীকে পরাস্ত করেছেন। (বুখারী ও মুসলিম) [1]

মুসলিমের অন্য বর্ণনায় আছে, যখন তিনি বড় অথবা ছোট অভিযান অথবা হজ বা উমরাহ থেকে ফিরতেন---।

English

(171) Chapter: Glorification of Allah by a Traveler while Ascending and Descending

Ibn 'Umar (May Allah be pleased with them) reported:

Whenever the Prophet (ﷺ) returned from Hajj or 'Umrah and ascended a height or hill, he would recite thrice: "Allahu Akbar (Allah is Greatest)." Then he would say, "La ilaha ill-allahu wahdahu la sharika lahu, lahu-l mulku, wa lahu-l hamdu, wa Huwa 'ala kulli shay'in Qadeer. Ayibuna ta'ibuna 'abiduna li-Rabbina hamidun. Sadaq-Allahu wa'dahu, wa nasara 'abdahu, wa hazamal-ahzaba wahdahu [None has the right to be worshipped but Allah, Who has no partner, to Whom the sovereignty belongs, to Whom all praise is due, and Who is Able to do all things. We are those who return (in safety), feel penitence, worship Allah, prostrate before our Rubb and praise Him. Allah has fulfilled His Promise, helped His slave (i.e., Muhammad (ﷺ)) and He Alone vanquished the Clans]."

[Al-Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীল বুখারী ১৭৯৭, ২৯৯৫, ৩০৮৪, ৮১১৬, ৬৩৮৫, মুসলিম ১৩৪৪, তিরমিয়ী ৯৫০, আবু দাউদ ২৭৭০, আহমাদ ৪৪৮২, ৪৫৫৫, ৪৬২২, ৪৭০৩, ৪৯৪০, ৫২৭৩, ৫৭৯৬, ৬২৭৫, ৬৩৩৮, মুওয়াত্তা মালিক ৯৬০, দারেমী ২৬৮২

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=24017>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন